# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)
# মিরপুর সেনানিবাস

BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS

BUP

EXCELLENCE THROUGH KNOWLEDGE

## বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস আইন-২০০৯ এর ধারা ৪৭ (ঝ) মোতাবেক প্রণীত "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি-২০২৫"

# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)

## বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস আইন-২০০৯ এর ধারা ৪৭ (ঝ) মোতাবেক প্রণীত "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি-২০২৫"

বিইউপি আইন ২০০৯ (২০০৯ সনের ৩০ নং আইন) এর ধারা-৪৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সিন্ডিকেট এতদ্বারা "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি-২০২৫" প্রণয়ন করলো এবং সিন্ডিকেট নির্ধারিত পদ্ধতিতে এই বিধি বাতিল এবং সংশোধন করতে পারবে।

১। <u>শিরোনাম ও প্রবর্তন</u> ।- এই বিধি "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি" নামে অভিহিত হবে যা সিন্ডিকেট সভায় অনুমোদনের তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য করা হবে।

২। <u>উদ্দেশ্য</u> ।- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধির মাধ্যমে একটি সর্বাঙ্গীণ এবং সহজবোধ্য শিক্ষাব্যবস্থা প্রদান করা যাহা শিক্ষার্থীদের কে বহুমুখী দক্ষতা এবং জ্ঞান প্রদানের মাধ্যমে সামরিক ও বেসামরিক পরিমন্ডলে নেতৃত্ব, উদ্ভাবনী ক্ষমতা এবং কর্ম সেবা প্রদানের উপযুক্ত করে গড়ে তুলতে সাহায্য করবে।

৩। <u>প্রয়োগ ও প্রযোজ্যতা</u> ।- বিইউপি'র অধিভূক্ত প্রতিষ্ঠানসমূহের অধীনে পরিচালিত বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম এর ভর্তিকৃত শিক্ষার্থীর জন্য "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি" প্রয়োগযোগ্য হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত বিধিতে উল্লিখিত নিয়মাবলি অনুসরণ করতে হবে।

৪। <u>সংজ্ঞা</u> ।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ বিধিতে-

ক। **"অধিভুক্ত কলেজ, ইনস্টিটিউট, একাডেমিক বা প্রতিষ্ঠান"** অর্থ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), আইন, সংবিধি এবং বিশ্ববিদ্যালয় বিধি অনুযায়ী, বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অধিভুক্ত, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর পরিচালনাধীন স্নাতক, স্নাতক-সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী পর্যায়ের কোন কলেজ, ইনস্টিটিউট, একাডেমিক বা প্রতিষ্ঠান;

খ। **"অঙ্গীভূত কলেজ, ইনস্টিটিউট, একাডেমিক বা প্রতিষ্ঠান"** অর্থ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), আইন, সংবিধি এবং বিশ্ববিদ্যালয় বিধি অনুযায়ী, বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অঙ্গীভূত, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর পরিচালনাধীন স্নাতক, স্নাতক-সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী পর্যায়ের কোন কলেজ, ইনস্টিটিউট, একাডেমিক বা প্রতিষ্ঠান;

গ। **"অর্থ কমিটি"** অর্থ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি;

ঘ। **"একাডেমিক কাউন্সিল"** অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

ঙ। **"কর্তৃপক্ষ"** অর্থ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর আইনের ধারা ২০ এর অধীন বিশ্ববিদ্যালয়ের কোন কর্তৃপক্ষ;

চ। **"সিন্ডিকেট"** অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

ছ। **"সংবিধি", "বিধি" বা "প্রবিধান"** অর্থ যথাক্রমে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) আইনের অধীন প্রণীত সংবিধি, বিধি বা প্রবিধান।

জ। **"বিএ/বিএসএস"** অর্থ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) তে পরিচালিত বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম।

ঝ। **"পরীক্ষা নিয়ন্ত্রক অফিস"** অর্থ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর পরীক্ষা নিয়ন্ত্রক অফিস।

৫। <u>শিক্ষাকার্যক্রমের মেয়াদ</u> ।-

ক। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর অধীনে বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমের মেয়াদ ৩ বৎসর।

খ। প্রতিটি শিক্ষাকার্যক্রম ৩টি একাডেমিক বর্ষে বিভক্ত করে পাঠদান/পাঠপ্রস্তুতি সম্পন্ন করা হবে, যেমনঃ ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ।



M.Hossain

গ।  এই শিক্ষাকার্যক্রম প্রতি বছর জানুয়ারি মাসে শুরু হবে। রেগুলার শিক্ষার্থীদের সংশ্লিষ্ট শিক্ষাকার্যক্রমের সিলেবাস অনুযায়ী প্রতি শিক্ষাবর্ষে শুরুর পর থেকে মোট ৩৮ সপ্তাহ পাঠদান, ২ সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি, ৬ সপ্তাহ বার্ষিক পরীক্ষা কার্যক্রম চলবে। প্রাইভেট শিক্ষার্থীদের ক্ষেত্রে মোট ৩৮ সপ্তাহ শিক্ষা প্রস্তুতি, ২ সপ্তাহ পরীক্ষা প্রস্তুতি, ৬ সপ্তাহ বার্ষিক পরীক্ষা কার্যক্রম চলবে। অবশিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে

ঘ।  বার্ষিক কোর্স ভিত্তিক পরীক্ষা এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে এই শিক্ষাকার্যক্রম পরিচালিত হবে। গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ (GPA) ও সিজিপিএ (CGPA) হিসেবে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

৬।  <u>ভর্তির যোগ্যতা</u> ।- বাংলাদেশের যে কোনো শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক/আলিম বা দেশ বিদেশের সমমানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা (এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় একত্রে ন্যূনতম মোট জিপিএ ৫.০০ থাকতে হবে) বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমে শিক্ষার্থী হিসেবে সরাসরি বিইউপি/অধিভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে অত্র প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

৭।  <u>রেজিষ্ট্রেশন</u> ।-  পূর্ণকালীন ছাত্র/ছাত্রী হিসেবে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি শিক্ষাকার্যক্রমে ভর্তি হতে পারবে।

ক। <u>রেগুলার শিক্ষাকার্যক্রম</u> ।-  সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যগণ বিইউপির অধিভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রেগুলার শিক্ষাকার্যক্রমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করবে।

খ। <u>প্রাইভেট শিক্ষাকার্যক্রম</u> ।-  সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যগণ বিইউপির অধিভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞপ্তি অনুযায়ী প্রাইভেট শিক্ষাকার্যক্রমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করবে।

৮।  <u>রেজিষ্ট্রেশনের মেয়াদ</u> ।-  একজন শিক্ষার্থীর রেজিষ্ট্রেশনের মেয়াদ ৬ বৎসর। সর্বোচ্চ ৬ (ছয়) শিক্ষাবর্ষের মধ্যে একজন শিক্ষার্থীকে বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রম সম্পন্ন করে ডিগ্রী অর্জন করতে হবে। কোন শিক্ষার্থী সরকারি কাজে দেশে/দেশের বাহিরে বিশেষ দায়িত্বে নিয়োজিত, গুরুতর অসুস্থতা (মেডিক্যাল সার্টিফিকেট দাখিলসহ) এবং অধিভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কারণ প্রদর্শন পূর্বক সকল ক্ষেত্রে আবরণীপত্রের মাধ্যমে বিইউপিতে সুপারিশ প্রেরণ সাপেক্ষে রেজিস্ট্রেশনের মেয়াদ পুনরায় ০১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে। প্রতি শিক্ষাবর্ষ শেষে বিষয় ও বর্ষওয়ারী একই প্রশ্নপত্রের মাধ্যমে রেগুলার ও প্রাইভেট পরীক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৯।  <u>দ্বৈত রেজিস্ট্রেশন</u> ।-  কোন শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত অবস্থায় (শিক্ষাকার্যক্রম চলাকালীন সময়) অত্র বিশ্ববিদ্যালয়ে/অন্য কোন বিশ্ববিদ্যালয়ে বা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষাকার্যক্রমেই অধ্যয়ন করতে পারবে না। এরূপ ভর্তিকৃত এবং পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর উভয় শিক্ষাকার্যক্রমের রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফলাফল বাতিল করা হবে।

১০।  <u>বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমে আবশ্যিক বিষয়সমূহ</u> ।-

ক।  বাংলাদেশ স্টাডিজ/সমরবিদ্যা (প্রথম বর্ষ)
খ।  ইংরেজী (দ্বিতীয় বর্ষ)
গ।  বাংলা (তৃতীয় বর্ষ)

১১।  <u>বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমের আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সহ বিষয়গুচ্ছসমূহ</u> ।-  বিএ (পাস) প্রোগ্রামের জন্য মানবিক গ্রুপ এর যে কোন গুচ্ছ হতে ১টি করে মোট ৩টি বিষয় এবং বিএসএস (পাস) প্রোগ্রামের জন্য সামাজিক বিজ্ঞান গ্রুপ এর 'ক' গুচ্ছ হতে ২টি এবং অন্য যে কোন গুচ্ছ থেকে ১টি, মোট ৩টি বিষয় নির্বাচন করতে হবে ঃ

| আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | |
|---|---|---|
| | মানবিক গ্রুপ (বিএ) | সামাজিক বিজ্ঞান গ্রুপ (বিএসএস) |
| ক। বাংলাদেশ স্টাডিজ/ সমরবিদ্যা<br>খ। ইংরেজি<br>গ। বাংলা | ক। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>খ। দর্শন/ভূগোল ও পরিবেশ বিজ্ঞান/ মনোবিজ্ঞান/ইসলাম শিক্ষা<br>গ। সমাজবিজ্ঞান/সমাজকর্ম/রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি<br>ঘ। গণিত/পরিসংখ্যান | ক। রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকর্ম<br>খ। ভূগোল ও পরিবেশ বিজ্ঞান/ মনোবিজ্ঞান/ দর্শন/ ইসলাম শিক্ষা<br>গ। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>ঘ। গণিত/পরিসংখ্যান |



M. Hossen

১২। **পাঠদান ও পরীক্ষার মাধ্যম** ।- পাঠদানের মাধ্যম হবে বাংলা অথবা ইংরেজি। পরীক্ষার উত্তরপত্রে বাংলা অথবা ইংরেজি ভাষার যে কোন একটি মাধ্যমে লিখতে হবে। উদ্ধৃতি ও টেকনিক্যাল শব্দ ব্যতিত একই প্রশ্নের বা একই বিষয়ের উত্তরপত্রে বাংলা ইংরেজির মিশ্রণ গ্রহণযোগ্য নয়। তবে ভাষা সাহিত্যের বিষয়সমূহের ক্ষেত্রে পাঠদান ও পরীক্ষার মাধ্যম সংশ্লিষ্ট ভাষায় হবে।

১৩। **শিক্ষাকার্যক্রম ও ক্রেডিট-ঘন্টা** ।- ক্রেডিট ঘন্টা ভিত্তিতে শিক্ষাকার্যক্রমসমূহ পরিচালিত হবে। প্রতি সপ্তাহে পাঠদানের জন্য ব্যয়িত ক্লাস-ঘন্টাকে ক্রেডিট হিসেবে গণ্য করা হবে। ৬০ মিনিটের একটি ক্লাসকে এক ক্লাস-ঘন্টা ধরা হবে এবং ১৪ (চৌদ্দ) ক্লাস-ঘন্টাকে ১ (এক) ক্রেডিট হিসেবে গণনা করা হবে। শিক্ষাকার্যক্রমের জন্য ১০০ নম্বর পত্রের জন্য ৫৬ ক্লাস-ঘন্টা (Class Hour) = ৪ ক্রেডিট আওয়ার অনুসরণ করা হবে।

১৪। **শিক্ষাকার্যক্রম ভিত্তিক ক্রেডিট ও নম্বর বন্টন** ।- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের বর্ষওয়ারী কোর্স, ক্রেডিট ও নম্বর বণ্টন হবে নিম্নরূপঃ

| ১ম বর্ষ | | | ২য় বর্ষ | | | ৩য় বর্ষ | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিষয় | নম্বর | ক্রেডিট | বিষয় | নম্বর | ক্রেডিট | বিষয় | নম্বর | ক্রেডিট |
| বাংলাদেশ স্টাডিজ/ সমরবিদ্যা (আবশ্যিক) | ১০০ | ৪ | ইংরেজি (আবশ্যিক) | ১০০ | ৪ | বাংলা (আবশ্যিক) | ১০০ | ৪ |
| ঐচ্ছিক ৩টি বিষয়ের ১ম পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৩য় পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৫ম পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ |
| ঐচ্ছিক ৩টি বিষয়ের ২য় পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৪র্থ পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৬ষ্ঠ পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ |
| মোট = | ৭০০ | ২৮ | মোট = | ৭০০ | ২৮ | মোট = | ৭০০ | ২৮ |

সর্বমোট নম্বর (৭০০×৩) = ২১০০, মোট ক্রেডিট ঃ ৮৪।

## বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের পরীক্ষা পরিচালনা পদ্ধতি

১৫। **পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী** ।- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের ১ম বর্ষ পরীক্ষা সেপ্টেম্বর-নভেম্বর মাসে অনুষ্ঠিত হবে। একই ভাবে ২য় ও ৩য় বর্ষের চুড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী (রুটিন) সেনাসদরের নিকট থেকে প্রাপ্তি সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক প্রকাশ করা হবে।

১৬। **পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কার্যাবলীঃ** ।- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম এর পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কার্যাবলী বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম অফিস এবং পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের মাধ্যমে নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে ঃ

ক। **বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম অফিস** ।- অনলাইন রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি, প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী শিক্ষকগণের নামীয় তালিকা সংগ্রহ, যাচাই বাচাই ও নিয়োগ, নিয়োগকৃত প্রশ্নপত্র প্রণেতাগণের নিকট থেকে প্রশ্নপত্র সংগ্রহ, প্রশ্নপত্র মডারেশন কমিটি গঠন ও মডারেশন, প্রশ্নপত্র কম্পোজ কমিটি গঠন ও প্রশ্নপত্র কম্পোজ, কম্পোজকৃত প্রশ্নপত্র সিডিতে সংরক্ষণ, প্রশ্নপত্রের সিডি পরীক্ষা কেন্দ্রের প্রতিনিধির নিকট হস্তান্তর, প্রশ্নপত্রের পাসওয়ার্ড পরীক্ষা কেন্দ্রের সভাপতির নিকট প্রেরণ, নিয়োগকৃত উত্তরপত্র মূল্যায়কারীগণের নিকট থেকে উত্তরপত্র সংগ্রহ, উত্তরপত্র স্ক্রুটিনি কমিটি গঠন ও স্ক্রুটিনি কাজ সম্পন্ন করণ বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম অফিস কর্তৃক পরিচালিত হবে।



M. Hossain

খ। পরীক্ষা নিয়ন্ত্রক অফিস ।- অনলাইন ফরম পূরণ বিজ্ঞপ্তি, পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন, বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম অফিস কর্তৃক প্রেরিত প্রশ্নপত্র মডারেশন, প্রশ্নপত্র কম্পোজ এবং উত্তরপত্র স্ক্রুটিনি কমিটি অনুমোদন, রোলশিট প্রস্তুত, ইউক্যাম এন্ট্রিকারক নিয়োগ, পরীক্ষার সমন্বয় সভা ও যাবতীয় মালামাল পরীক্ষা কেন্দ্রের প্রতিনিধির নিকট হস্তান্তর, অন্যান্য প্রয়োজনীয় কমিটি (যদি প্রয়োজন হয়) এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিষয়াদি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক পরিচালিত হবে।

১৭। পরীক্ষা কমিটি ।- বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) আইন, ২০০৯ (২০০৯ সনের ৩০নং আইন)-এর ধারা ৫১ (২) অনুযায়ী পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক প্রতি বর্ষের (১ম, ২য় ও ৩য় বর্ষ) জন্য একটি করে পরীক্ষা কমিটি গঠিত হবে। উক্ত কমিটি বিইউপির পরীক্ষা পরিচালনা বিধি অনুযায়ী সকল দায়িত্ব পালন করবে।

১৮। পরীক্ষার সময়কাল ।- ১০০ নম্বরের সকল বিষয়ের জন্য ৪ ঘন্টা ।

১৯। পরীক্ষার নম্বর ।- শিক্ষার্থীদের সকল বিষয়ের পরীক্ষা ১০০ নম্বরে হবে।

২০। শিক্ষক নিয়োগ ।- প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী এবং ক্লাস পরিচালনার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) শিক্ষক নিয়োগের নিমিত্তে বিইউপির শিক্ষক, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ডিগ্রী কোর্স পরিচালনাকারী কলেজ থেকে সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ শিক্ষক নিয়োগ করা হবে। প্রশ্নপত্র মডারেশন কমিটিতে কমপক্ষে ১ জন অভিজ্ঞ শিক্ষক নিয়োগ করা হবে।

২১। উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি ।- বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমের সকল বিষয়ের প্রতিটি উত্তরপত্র একক উত্তরপত্র মূল্যায়নকারী দ্বারা মূল্যায়ন করে উত্তরপত্র এবং নম্বরপত্র বিইউপি হতে সরবরাহকৃত খামের মাধ্যমে স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে জমা প্রদান করবে। সকল পরীক্ষা কেন্দ্র উত্তরপত্র মূল্যায়নকারী শিক্ষকগণের নিকট থেকে প্রাপ্ত উত্তরপত্র এবং নম্বরপত্র বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম অফিসে নির্দিষ্ট তারিখের মধ্যে প্রেরণ করবেন।

২২। প্রত্যবেক্ষণ/পর্যবেক্ষণ কমিটি ।- প্রতিটি পরীক্ষা কেন্দ্র প্রত্যবেক্ষণ/পর্যবেক্ষণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক এক বা একাধিক সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি পরীক্ষা কেন্দ্রের সার্বিক পরিবেশ, শিক্ষার্থীদের প্রোগ্রাম সংক্রান্ত মতামত এবং প্রশ্নপত্রের মান সংক্রান্ত বিষয়ে প্রত্যবেক্ষণ/পর্যবেক্ষণের জন্য পরীক্ষা কেন্দ্রে গমন করিবেন এবং প্রয়োজনে পরীক্ষাকেন্দ্রে দায়িত্বরত পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যদেরকে পরামর্শ প্রদান করিবেন। উক্ত কমিটির সদস্যগণ প্রত্যবেক্ষণ/পর্যবেক্ষণ শেষে বিইউপির পরীক্ষা পরিচালনা বিধি অনুযায়ী পরীক্ষাকেন্দ্র পরিদর্শন ও পর্যবেক্ষণের চেক-লিস্ট ও প্রত্যয়নপত্র পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করবেন।

২৩। টেবুলেটর নিয়োগ ।- পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের ফলাফল প্রস্তুতের জন্য টেবুলেশন কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি টেবুলেশন কাজ সম্পন্ন করবে।

২৪। টেবুলেশন শিট তুলনাকারী ।- পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের টেবুলেশন শিট তুলনাকারী কমিটি গঠন করা হবে এবং উক্ত কমিটি টেবুলেশন শিট তুলনার কাজ সম্পন্ন করবে।

২৫। ফলাফল প্রস্তুতকারক ও প্রকাশ ।- পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক নিয়োগকৃত টেবুলেটর দ্বারা টেবুলেশন সম্পন্ন করত: ফলাফল প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিইউপির ওয়েব সাইটে প্রকাশ করবে।

২৬। পাশ নম্বর ।- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের শিক্ষার্থীদের ক্ষেত্রে পাস নম্বর নিম্নরূপ ঃ

| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) |
|---|---|
| পাস নম্বর | ৪০ |
| গণনাযোগ্য ক্রেডিট | D |

২৭। পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতা ।- পরীক্ষা কেন্দ্রের সভাপতি কর্তৃক প্রেরিত পরীক্ষার্থীদের আবেদনপত্রে কোন পরীক্ষার্থীর আচরণ অসন্তোষজনক, নির্ধারিত ফি সমূহ বিইউপির জেনারেল ফান্ডে জমা প্রদানে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক আরোপিত সকল শর্ত পূরণে ব্যর্থ হয় তাহলে সেই শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

২৮। উত্তীর্ণ গ্রেড ।- ছাত্র-ছাত্রীদের সকল নির্ধারিত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ছাত্র-ছাত্রীদেরকে সকল কোর্সে নির্ধারিত ৪০% বা D গ্রেড বা গ্রেড পয়েন্ট ২ পেয়ে পাশ করতে হবে। যে সকল বিষয়ে D বা তদূর্ধ্ব গ্রেড অর্জিত হবে শুধুমাত্র সে বিষয়গুলোর ক্রেডিট ফলাফলের গণনায় আনা হবে।



M. Hossain

২৯। জিপিএ (GPA) এবং সিজিপিএ (CGPA) নির্ণয় ।- নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্টকে উক্ত বিষয়ের ক্রেডিট দ্বারা গুণ করে এ কোর্সে অর্জিত পয়েন্ট (EPS) নির্ধারণ করা হবে। উক্ত বছরে সকল বিষয়ে অর্জিত মোট পয়েন্টকে মোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে এক বছরের জিপিএ (GPA) নিরূপন করা হবে। এভাবে সকল বছরে অর্জিত মোট পয়েন্ট সমূহ যোগ করে সর্বমোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে সিজিপিএ (CGPA) নির্ধারণ করা হবে। D এর নীচে প্রাপ্ত গ্রেডের জন্য কোন ক্রেডিট অর্জিত হবে না এবং তা F (Fail) গ্রেড বলে বিবেচিত হবে। F গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নীত হলে অর্জিত ক্রেডিট CGPA গণনায় যুক্ত হবে। F গ্রেড উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে মানোন্নয়নের আর সুযোগ থাকবে না।

৩০। গ্রেডিং সিস্টেম (Grading System) ।- উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর নম্বরকে গ্রেড পয়েন্টে (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও Corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40% (less than 40%) | F (Fail) | 0.00 |

৩১। সিজিপিএ গণনার পদ্ধতি ।-

$$CGPA = \frac{\text{TPS of } (1^{st} \text{ year} + 2^{nd} \text{ year} + 3^{rd} \text{ year}) + \text{Earned Grade Point/Points}}{\text{Total number of credits completed in the whole program}}$$

৩২। জিপিএ গণনার পদ্ধতি ।-

$$GPA = \frac{\sum PS \text{ (Total Point Secured in a year)}}{\sum CR \text{ (Total Credits offered in a year)}}$$

**Example:** Grade Point Average (GPA) Calculation for a year

| Course Code No | No. of credits | Marks Obtained (%) | Letter grade (LG) | Earned Grade points (EGP) | Earned Points Secured (EPS)= No of Credits × Grade Point |
|---|---|---|---|---|---|
| 101 | 4 | 70 | A- | 3.50 | 14.00 |
| 111 | 4 | 65 | B+ | 3.25 | 13.00 |
| 112 | 4 | 60 | B | 3.00 | 12.00 |
| 113 | 4 | 34 | F | 0.00 | 00.00 |
| 114 | 4 | 55 | B- | 2.75 | 11.00 |
| 121 | 4 | 50 | C+ | 2.50 | 10.00 |
| 122 | 4 | 45 | C | 2.25 | 09.00 |
| Total | 28 | - | - | - | 69.00 |

Total Point Secured (TPS) = 69
Earned Credit (EC) =4+4+4+0+4+4+4=24

$$GPA = TPS/EC = \frac{69}{24} = 2.88$$

M.Hossain

৩৩। উচ্চতর শ্রেণীতে উন্নীত (১ম বর্ষ হতে পর্যায়ক্রমে ৩য় বর্ষে) ।-

ক। গ্রেডিং পদ্ধতির স্নাতক (পাস) পরীক্ষায় বিএ ও বিএসএস এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উন্নীত করণের জন্য কমপক্ষে ঐ বর্ষের ৩টি পত্রে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে উর্ত্তীণের জন্যও উক্ত বর্ষের ৩টি পত্রে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

খ। একজন শিক্ষার্থী কোন বর্ষে ক -উপধারায় উল্লেখিত তত্ত্বীয় কোর্সে প্রমোশনের জন্য ন্যূনতম গ্রেড অর্জনে ব্যর্থ হলে সে অনুত্তীর্ণ বিবেচিত হবে। একজন অনুত্তীর্ণ শিক্ষার্থী অকৃতকার্য পত্রসমূহের সাথে কৃতকার্য ১/২টি পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে চাইলে পরবর্তী বছরে একই সাথে দিতে পারবে।

গ। একজন শিক্ষার্থী ক -উপধারার শর্ত পূরণ সাপেক্ষে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশন পাবে এবং ২য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় ১ম বর্ষের F গ্রেড প্রাপ্ত বিষয়সমূহকে Retake (পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ) নিয়ে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে। তবে ২য় বর্ষের পরীক্ষায় প্রমোশনের জন্য ক -উপধারার ন্যূনতম শর্তপূরণ করতে হবে। উক্ত শর্তপূরণে ব্যর্থ হলে ৩য় বর্ষে প্রমোশন পাবে না। একই ভাবে ৩য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষের F গ্রেড প্রাপ্ত বিষয়সমূহকে Retake (পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ) নিয়ে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে।

৩৪। মানোন্নয়ন (Improvement) ।-

ক। একজন শিক্ষার্থী ১ম/২য়/৩য় বর্ষের জিপিএ উন্নীতকরণের জন্য শুধুমাত্র B এবং তদনিম্ন গ্রেড প্রাপ্ত পত্রে ঠিক পরবর্তী ব্যাচের পরীক্ষার সময় চলতি সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। তবে কোন পরীক্ষার্থী একটি পত্রে একবারের বেশী গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ পত্রে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। গ্রেডের মানোন্নয়নের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হবে।

খ। অধিভুক্ত প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষের মাধ্যমে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা ফরম পুরণের সময় পৃথকভাবে বিইউপি পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে প্রেরণ করবে।

৩৫। পাস ডিগ্রি ।-

ক। CGPA এর ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।
খ। ১ম, ২য় বা ৩য় বর্ষে F গ্রেড পাওয়া পত্রগুলো রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে ছয়/সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে।

৩৬। ডিগ্রি প্রাপ্তির যোগ্যতাসমূহ ।- ব্যাচেলর (পাস) ডিগ্রি পেতে হলে একজন শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবেঃ

ক। একজন শিক্ষার্থীকে তত্ত্বীয় ও ব্যবহারিক সকল পরীক্ষায় অংশগ্রহণ করে অব্যশই ন্যূনতম CGPA ২.০০ পেতে হবে, অন্যথায় সে উক্ত প্রোগ্রামে অকৃতকার্য বলে গণ্য হবে।

খ। প্রতিটি ব্যবহারিক পরীক্ষায় পৃথকভাবে গ্রেড পয়েন্ট ২.০০ অর্জন করতে হবে। কোন পরীক্ষায় প্রয়োজনীয় GPA অর্জনে ব্যর্থ হলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরবর্তী ব্যাচের সাথে তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

৩৭। ট্রান্সক্রিপ্ট ।- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস প্রত্যেক বর্ষের ফলাফলের ট্রান্সক্রিপ্ট প্রদান করবে। একাডেমিক ট্রান্সক্রিপ্টে গ্রেড, Corresponding গ্রেড পয়েন্ট GPA, CGPA উল্লেখ থাকবে এবং এতে কোন গাণিতিক নম্বর থাকবে না।

৩৮। সাময়িক সনদ পত্র ।- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস প্রত্যেক শিক্ষার্থীর ডিগ্রি প্রাপ্তি সাপেক্ষে সাময়িক সনদ পত্র স্ব স্ব ট্রেনিং সেন্টারে প্রেরণ করবে।

৩৯। মূল সনদপত্র ।- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি, সাময়িক সনদপত্রের মূলকপি এবং নির্ধারিত ফরম পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরান্তে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা প্রদান করবে। পরীক্ষা নিয়ন্ত্রক অফিস শিক্ষার্থীকে মূল সনদপত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪০। <u>প্রদেয় ফিসমূহ (পরিবর্তনযোগ্য)</u> ।- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন ফি (প্রার্থী প্রতি এককালীন), পরীক্ষার ফি (প্রতি ক্রেডিট আওয়ার হিসেবে), নম্বরপত্র/গ্রেডশীট ফি (প্রার্থী এবং বর্ষ প্রতি), সাময়িক সনদপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে), মূল সনদপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রাথমিক অধিভুক্তির জন্য আবেদন ও অধিভুক্তি প্রসেসিং ফি, প্রাথমিক অধিভুক্তি ফি, প্রতিটি মূল বিষয়ে অধিভুক্তি ফি, অধিভুক্তি নবায়ন ফি, পরীক্ষা কেন্দ্র ফি এবং অন্যান্য ফি (প্রযোজ্য ক্ষেত্রে) বিইউপির নির্ধারিত হার অনুযায়ী পরিশোধ করবে।

নোটঃ পরীক্ষা কেন্দ্র ফি বিইউপিতে প্রেরণের প্রয়োজন নেই। উক্ত ফি পরীক্ষা কেন্দ্র পরিচালনার কাজে ব্যয় করা হবে।

৪১। **<u>Distribution of Marks in Question Paper:</u>**

**Full Marks : 100**

**Time of Examination: 4 Hours**

| **Question Types** | | **Details** | **Marks** |
|---|---|---|---|
| **Part-A** | Short questions (such as definition/basic understanding covering all the chapters of the syllabus.) | 10 Questions out of 12 to be answered Question no. 1. (a-l). | 1.5×10=15 |
| **Part-B** | Short questions (such as conceptual/creativity covering all the chapters of the syllabus.) | 5 Questions out of 8 to be answered Question no. 2-9. | 5×5=25 |
| **Part-C** | Broad questions (such as analytical/conceptual/creativity) | 5 Questions out of 8 to be answered (Question may be divided into. (i), (ii), (iii) etc subsections.) Question no. 10 -17. | 12×5=60 |
| | | **Total marks =** | **100** |

## <u>বিধি সংশোধন, অসুবিধা দূরীকরণ, রহিতকরণ ও হেফাজত</u>

৪২। <u>বিধি সংশোধন</u> ।-

(ক) বিইউপি, সময় সময় এই বিধি বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে পারবে; এবং

(খ) বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের সুষ্ঠু ব্যবস্থাপনা ও মানোন্নয়নের জন্য বিবেচনা করে সিন্ডিকেট এই বিধির প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে।

৪৩। <u>অসুবিধা দূরীকরণ</u> ।- এই "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি-২০২৫" সংক্রান্ত বিষয়ে কোন অসুবিধা বা অস্পষ্টতা দেখা দিলে বিইউপি আইন ও বিধি-বিধানের সাথে যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অফিস আদেশ/নির্দেশনার দ্বারা উক্ত অসুবিধা দূরীকরণের প্রয়োজনীয় যেকোন ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪৪। <u>রহিতকরণ ও হেফাজত</u> ।- "বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম পরিচালনা বিধি" সিন্ডিকেট সভা কর্তৃক অনুমোদিত হওয়ার তারিখ হতে কার্যকর হবে এবং ইতোপূর্বে বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম সংক্রান্ত গৃহীত সকল কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।

সিন্ডিকেটের অনুমোদনক্রমে,

M. Hassan